দৈনিক সংবাদ

067

তারিখ 01 MAR 198 ... পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ...

১৭ই ফাল্গুন ১৩৯০

## বিটিভি'র শিক্ষার্থীদের অনুষ্ঠান

গত ১৩ই ফেব্রুয়ারী (৩রা ফাল্গুন) বাংলাদেশ টেলিভিশনে প্রাথমিক শিক্ষার্থীদের জন্য প্রচারিত অনুষ্ঠানটি দেখে কতগুলি বিষয় আমার নিকট গ্রহণযোগ্য মনে হয়নি। প্রাথমিক শিক্ষার্থীরা হচ্ছে বয়সের কারণে চিন্তায়, বিচার বিশ্লেষণে অনেকাংশে অজ্ঞ ও অপরিপক্ক। সাধারণতঃ এরা যা দেখে বা শোনে এ গুলোর মধ্যে যা বলতে সহজ বা সহজেই তাদের দৃষ্টি আকর্ষণ করে সেগুলোই মনে রাখতে পারে। অন্যগুলো দেখার পর ভুলে যায় বা মনে রাখলেও কিঞ্চিৎ রাখতে পারে।

উদাহরণ স্বরূপ টিভি কর্তৃপক্ষ 'উ' অক্ষরটি শিক্ষার্থীদের বুঝাতে গিয়ে ৫টি শব্দ উপস্থাপন করেছেন। যেমন: (১) উট (২) উড়োজাহাজ (৩) উনুন (৪) উৎপল (৫) উদয়। আমার মতে প্রথম ২টি শব্দ গ্রহণযোগ্য মনে হয়েছে।

কারণ, ১ম শব্দটি আকারে ছোট, ২য় শব্দটি (বস্তুটি) আকর্ষণীয়। উনুন, উৎপল, উদয় শব্দগুলি প্রাথমিক শিক্ষার্থীদের কাছে কেমন করে গ্রহণযোগ্য হতে পারে তা আমার নিকট বোধগম্য নয়। কারণ উনুন বিভিন্ন জায়গায় ভিন্ন ভিন্ন নামে পরিচিত। এর তেমন আকর্ষণীয়তাও নেই। উৎপল শব্দটি অত্যন্ত জটিল। একে উচ্চারণ করা, স্মৃতিতে রাখা, চেনা বাচ্চাদের জন্য খুবই কঠিন। তেমনি উদয়। উদয় কি তা বুঝাতে গেলে অক্ষরটি শেখানোর চাইতে অনেক বেশী কষ্ট হবে।

তাই আমার মতে প্রাথমিক শিক্ষার্থীদের নিকট অক্ষরগুলি 'টিভি'র মত প্রচার মাধ্যমে উপস্থাপন করার আগে আরও সতর্কতা অবলম্বন করা ও যত্নবান হওয়া উচিত। অক্ষর চেনাতে গিয়ে শব্দ বা বস্তুর উদাহরণ দেয়া উচিত যা আকর্ষণীয় এবং যার উচ্চারণ সহজতর।

শেখ আমান উল্লাহ
সিনিয়র অফিসার
সোনালী ব্যাংক গৌরীপুর
শাখা, ময়মনসিংহ